

“মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা  
ই-হজ ব্যবস্থাপনা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.hajj.gov.bd

“হজ সর্বোচ্চ অগ্রাধিকার”

সচিব, হাব  
সকল সদস্যকে  
অবহিত করুন।  
Fazlul Karim Sardar  
Secretary General  
Hajj Agencies Association of Bangladesh

স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৪০.০০৬.২৩-১৭২১


তারিখ: ২৭ কার্তিক ১৪৩০  
১২ নভেম্বর ২০২৩

বিষয়: জেদ্দায় অনুষ্ঠিতব্য Hajj and Umrah Conference and Exhibition of Services প্রদর্শনীতে যোগদান।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ২০২৪ সনের হজ ব্যবস্থাপনা সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সৌদি আরবের জেদ্দায় আগামী ৮-১১ জানুয়ারি ২০২৪ তারিখে Hajj and Umrah Conference and Exhibition of Services প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। হজ কার্যক্রম বাস্তবায়নে বিভিন্ন পর্যায়ের সেবা প্রদানকারী সংস্থা ও প্রতিষ্ঠানসমূহ ৪ দিনব্যাপী প্রদর্শনীতে অংশগ্রহণ করবে। বাংলাদেশের সকল অনুমোদিত হজ ও ওমরাহ এজেন্সির স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক/ অংশীদার/ প্রতিনিধিদের উক্ত প্রদর্শনীতে অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হয়েছে। প্রদর্শনীতে প্রতিটি এজেন্সি থেকে ৫-১০ জন প্রতিনিধি অংশগ্রহণের সুযোগ রয়েছে। প্রস্তাবিত Hajj and Umrah Conference and Exhibition of Services সফল করার লক্ষ্যে গত ০৬ নভেম্বর ২০২৩ তারিখে সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের মাননীয় উপ-মন্ত্রীর সভাপতিত্বে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এর নেতৃবৃন্দের অংশগ্রহণে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

০২। প্রদর্শনীতে অংশগ্রহণে ইচ্ছুক সংশ্লিষ্ট সকলের জন্য সহজে ভিসা প্রদানের ব্যবস্থা করা হবে। অংশগ্রহণকারী প্রত্যেকের নিজ ব্যবস্থাপনায় সৌদি আরবে গমন ও অবস্থান করতে হবে।

০৩। বর্ণিতাবস্থায়, Hajj and Umrah Conference and Exhibition of Services প্রদর্শনীতে অংশগ্রহণের জন্য এজেন্সির স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ অংশীদার এবং হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) এর প্রতিনিধিসহ সকলের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
২২/১১/২০২৩

মুহাঃ আবু তাহির

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৮৮০২-৫৫১০১১১৮

email: morahajsection@gmail.com

সভাপতি/মহাসচিব

হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)

সাতারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
২. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা
৩. মহাপরিচালক (পশ্চিম এশিয়া উইং), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, বিমানবন্দর, ঢাকা।
৫. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮. স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক/ অংশীদার..... (সকল হজ ও ওমরাহ এজেন্সি, বাংলাদেশ)।
৯. অফিস কপি।